

স্মারক নং-৪৭.৬১.৭২৫৬.০০০.২৩.০০২.১৬.২৩২

তারিখ : ০৯/০৯/২০২৫ খ্রি.

বিজ্ঞপ্তি

জাতীয় সমবায় পুরস্কার ২০২৪' এর মনোনয়ন আহবান


এতদ্বারা মদন উপজেলাধীন সকল সমবায় সমিতি/সমবায়ীদেরকে জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক জাতীয় সমবায় পুরস্কার, ২০২৪' প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ লক্ষ্যে জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৫, এর ০৩ নং অনুচ্ছেদে বর্ণিত সমিতির শ্রেণীবিন্যাস অনুযায়ী ১৪ (চৌদ্দ) টি জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। এর মধ্যে ১০ (দশ) টি শ্রেণী/ক্যাটাগরীতে ১০ টি সমবায় সমিতিকে এবং ০৪ (চার) জন সমবায়ীকে (০২ জন পুরুষ ০২ জন মহিলা) ২০২৪ ' সালে সমবায় পুরস্কার প্রদানের জন্য মনোনীত করা হবে। আগ্রহী সমিতি/সমবায়ীকে আগামী ১৪/০৯/২০২৫ খ্রি. তারিখ রোজ: রবিবার অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সমবায় সমিতির শ্রেণি/ক্যাটাগরিসমূহ:

১. কৃষিভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন সমবায়: কৃষি বা কৃষক সমবায় সমিতি, পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি, সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি;
২. সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায়: সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি, কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন, কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি;
৩. উৎপাদনমুখী সমবায়: দুগ্ধ সমবায় সমিতি, মৎস্যজীবী বা মৎস্যচাষী সমবায় সমিতি, উৎপাদনমুখী সমবায় সমিতি, প্রক্রিয়াজাতকরণ সমবায় সমিতি, ভোগ্যপণ্য সমবায় সমিতি;
৪. ব্যবসায়ী সমবায়: দোকান মালিক বা ব্যবসায়ী বা মার্কেট সমবায় সমিতি, ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি, হকার্স সমবায় সমিতি; পর্যটন সমবায় সমিতি ;
৫. মুক্তিযোদ্ধা সমবায়: মুক্তিযোদ্ধাদের নিয়ে নিবন্ধিত যেকোন ক্যাটাগরীর সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে;
৬. বিত্তহীন, ভূমিহীন সমবায়: বিত্তহীন সমবায় সমিতি, ভূমিহীন সমবায় সমিতি, আশ্রয়ণ সমবায় সমিতি, ;
৭. মহিলা সমবায় সমিতি: মহিলাদের নিয়ে নিবন্ধিত যে কোন ক্যাটাগরীর সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে;
৮. পেশাভিত্তিক সমবায়: মৃৎশিল্পী সমবায় সমিতি, জীতি সমবায় সমিতি, পরিবহন মালিক বা শ্রমিক সমবায় সমিতি, কর্মচারী সমবায় সমিতি, অটো রিক্সা/অটোটেম্পু/টেক্সিক্যাব/মটর/ট্রাক/ বা ট্রাক্স লরী চালক সমবায় সমিতি, পেশাজীবী সমবায় সমিতি;
৯. গৃহায়ন/বহুমুখী সমবায়: গৃহায়ন (হাউজিং) সমবায় সমিতি, ফ্ল্যাট বা অ্যাপার্টমেন্ট মালিক সমবায় সমিতি, বহুমুখী সমবায় সমিতি;
১০. বিশেষ ও অন্যান্য শ্রেণি: যুব সমবায় সমিতি, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক সমবায় সমিতি, শ্রমজীবী সমবায় সমিতি এবং ১ থেকে ৯ ক্রমিকে উল্লিখিত শ্রেণি ব্যতীত বিশেষ ক্যাটাগরীতে অন্যান্য নিবন্ধিত সমবায় সমিতি।

আবেদন প্রক্রিয়াঃ

১. আবেদন ফরম প্রাপ্তিস্থান: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েবসাইটে www.rdc.gov.bd এবং সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে www.coop.gov.bd বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ, জেলা সমবায় কার্যালয়, নেত্রকোণা এবং উপজেলা সমবায় কার্যালয়, মদন, নেত্রকোণা এর ওয়েবসাইটে www.coop.madan.netrokona.gov.bd ওয়েব পোর্টালে পাওয়া যাবে।




আবুল কালাম আজাদ
উপজেলা সমবায় অফিসার
মদন, নেত্রকোণা

uco.modon@gmail.com
ফোন নং-০২৯৯৬৬৫৪০০০
মোবাইল নং: ০১৯৬১-৭৭৩৭১২

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১) উপজেলা নির্বাহী অফিসার, মদন, নেত্রকোণা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) জেলা সমবায় অফিসার, নেত্রকোণা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) সভাপতি/সম্পাদক, সমবায় সমিতি লি: (সকল), মদন, নেত্রকোণা (আগ্রহী সমিতি/সমবায়ীকে আগামী ১৪/০৯/২০২৫ খ্রি. তারিখের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪) নোটিশ বোর্ড।


২০/৯/২৫

